

**AKASHVANI (AIR)  
RNU : KOLKATA  
Bengali Text Bulletin**

**Date: 14.10.2024**

**Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর -

১) জুনিয়ার ডাক্তারদের অনশন আন্দোলনকে কেন্দ্র করে অচলাবস্থা কাটাতে আজ সবকটি চিকিৎসক সংগঠনকে বৈঠকে ডেকেছে রাজ্য সরকার।

দুর্গাপুজো কার্নিভালের দিন ডাক্তারদের দ্রোহের কার্নিভাল কর্মসূচী প্রত্যাহারের আবেদন মুখ্য সচিবের।

২) ১০ দফা দাবিতে অনড় চিকিৎসকরা। আন্দোলন আরও তীব্র করার কথা ঘোষণা করেছে।

৩) জুনিয়ার ডাক্তারদের আন্দোলনে পূর্ণ সমর্থন জানিয়ে দলীয় কর্মীদের এতে সামিল হওয়ার আহ্বান জানিয়েছে বিজেপি ও কংগ্রেস।

৪) বঙ্গোপোসাগরে ঘূর্ণবর্ত সৃষ্টির প্রেক্ষিতে রাজ্যে ফের বৃষ্টির পূর্বাভাষ আবহাওয়া দফতরের।

৫) কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে ইস্টবেঙ্গল ও ডায়মন্ডহারবার এফ সি-র মধ্যে আজকের ম্যাচ স্থগিত থাকছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডের প্রতিবাদ এবং ১০ দফা দাবিতে জুনিয়ার ও সিনিয়ার চিকিৎসকদের আন্দোলনের তীব্রতা বৃদ্ধির মধ্যেই অচলাবস্থা কাটাতে আজ বৈঠক দেকেছে রাজ্য সরকার। দুপুর সাড়ে ১২-টায় স্বাস্থ্য ভবনে এই বৈঠক হওয়ার কথা। মুখ্য সচিব মনোজ পন্থ ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোয়েশন সহ সব চিকিৎসক সংগঠনগুলিকে বৈঠকে উপস্থিত থাকতে বলেছেন বলে নবান্ন সূত্রের খবর। প্রতিটি সংগঠন থেকে দু-জন করে প্রতিনিধিকে যোগ দেবার কথা বলা হলেও সংগঠনগুলি সেখানে উপস্থিত থাকবেন কিনা সে বিষয়ে স্পষ্ট ইঙ্গিত মেলেনি।

আরো একটি চিঠিতে মুখ্যসচিব আগামীকাল ‘দ্রোহের কার্নিভাল’ প্রত্যাহার করার কথা বলেছেন। চিকিৎসকদের পাঠানো ইমেলে তিনি হাই কোর্টের ১১ অঞ্চোবরের একটি নির্দেশের কথা উল্লেখ করেছেন। মুখ্যসচিব জানিয়েছেন, কার্নিভালে জনসমাগম এবং আগতদের নিরাপত্তার কথা বিবেচনা করেই ‘দ্রোহের কার্নিভাল’ প্রত্যাহারের অনুরোধ করেছেন তিনি।

সিনিয়র ডাক্তারদের সম্মিলিত সংগঠন ‘জয়েন্ট প্লাটফর্ম’ অফ ডক্টরস’ মঙ্গলবার ‘দ্রোহের কার্নিভাল’ না করার জন্য সরকারের বার্তাকে ‘হতাশাজনক’ বলে উল্লেখ করেছে। আইনের সীমার মধ্যে থেকে এবং হাইকোর্টের পর্যবেক্ষণ মেনেই তাঁদের লড়াই জারি থাকবে বলে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

এদিকে ১০ দফা দাবিতে অনশনরত জুনিয়র ডাক্তারদের প্রতি সংহতি জানিয়ে একগুচ্ছ কর্মসূচির ঘোষণা করেছেন চিকিৎসকরা। আজ রাজভবন অভিযানের ডাক দিয়েছেন তাঁরা। জেলাতেও সভা-সমাবেশের আয়োজন করা হবে। আন্দোলনকারীদের তরফে জুনিয়র চিকিৎসক দেবাশিষ হালদার জানালেন-

বাইট

সিনিয়র ডাক্তাররা আজ সকাল ছ'টা থেকে বুধবার সকাল ৬টা পর্যন্ত ৪৮ ঘণ্টা, আংশিক কর্মবিবরিতি পালন করবেন।

অন্যদিকে, আগামী কাল রাজ্য সরকারের দুর্গাপুজো কার্নিভালের দিন বিকেল ৪'টের রাতী রাসমণি রোডে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডষ্টের্স এবং সহযোগী সংগঠনগুলি 'দ্রোহের কার্নিভাল'-এর ডাক দিয়েছে। অভয়ার জন্য ন্যায় বিচার ও ভূমকি সংস্কৃতির নিরসন এবং পড়ুয়া চিকিৎসকদের অনশন আন্দোলনের প্রতি সংহতি জানিয়ে এই কার্নিভাল করা হবে। কার্নিভালের দিন কলকাতার রাস্তার পাশে মানববন্ধন গড়ার ডাকও দিয়েছেন তারা। এই মানববন্ধন ঘিরে যাতে বিশৃঙ্খলা তৈরি না হয়, তা তারা নিশ্চিত করবেন বলে জানিয়েছেন।

এদিকে দেশজোড়া ১২ ঘণ্টা অনশনের ডাক দিয়েছে ইত্তিয়ান মেডিক্যাল এসোসিয়েশন- আইএমএ। পশ্চিমবঙ্গের জুনিয়র ডাক্তারদের আমরণ অনশনের প্রতি সংহতি জানিয়ে আজ তোর ৬টা থেকে অনশনে বসেছেন দেশের সব রাজ্যের জুনিয়র চিকিৎসকেরা। আইএমএ (সদর দফতর)-এর পক্ষ থেকে রাজ্য ও আঞ্চলিক শাখার প্রধানদের নির্দেশ দিয়ে জানানো হয়েছে, চিকিৎসক আন্দোলনের সংহতিতে জোড়া কর্মসূচি গ্রহণ করা হবে। তাতে নেতৃত্ব দেবেন আইএমএ-জুনিয়র ডষ্ট্রেস নেটওয়ার্ক এবং আইএমএ-মেডিক্যাল স্টুডেন্ট্স নেটওয়ার্ক-এর সদস্যরা।

ধর্মতলায় আমরণ অনশনে থাকা আরো এক চিকিৎসক অসুস্থ হয়ে পড়ায় তাকে এন আর এস মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে। পুলস্ত্য আচার্য নামে ত্রি চিকিৎসকের শারীরিক পরিস্থিতি সক্ষটজনক হলেও তিনি চিকিৎসায় সাড়া দিচ্ছেন বলে জানিয়েছেন এনআরএস-এর মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান জয়দীপ দেব।

০০০০০০০০০০০০০০০০০০০

চিকিৎসকদের কার্নিভালের দিন দ্রোহের উৎসব পালনের সিদ্ধান্তকে কটাক্ষ করেছেন তৃণমূল কংগ্রেসের মুখ্যপাত্র কুনাল ঘোষ। গতকাল তিনি বলেন, কার্নিভাল

বাংলার ঐতিহকে তুলে ধরার একটা অনুষ্ঠান। ডাক্তাররা দ্রোহের কার্নিভাল আয়োজন করে এই ঐতিহকে আঘাত করতে চাইছেন।

(বাইট - কুনাল)

০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি জুনিয়ার ডষ্টার্স ফ্রন্টের আন্দোলনের প্রতি পূর্ণ সমর্থন জানিয়েছে। দলের রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার গতকাল এক প্রেস বিবৃতিতে দলের সর্বস্তরের নেতা-কর্মীদের এই আন্দোলনে সামিল হতে বলেছেন। পাশাপাশি সাধারণ নাগরিকদেরও তিনি ডাক্তারদের পাশে দাঁড়ানোর আর্জি জানিয়েছেন। বিবৃতিতে বলা হয়েছে, আর জি কর-এ চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ এবং হত্যার প্রেক্ষিতে প্রতিবাদরত চিকিৎসকদের দাবিগুলি অত্যন্ত যুক্তি সঙ্গত। পশ্চিমবঙ্গ সরকার চিকিৎসকদের সঙ্গে বৈঠকে যে সকল প্রতিশ্রুতি দিয়েছিল, সেগুলি এখনও পূরন করা হয়নি। অপশক্তির হাত থেকে রাজ্যকে বাঁচাতে সকলকেই এগিয়ে আসতে হবে বলেও ডষ্টার মজুমদার আহ্বান জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

ন্যায়ের দাবিতে জুনিয়র ডাক্তারদের পাশে দাঁড়ানোর বার্তা দিয়েছে কংগ্রেস। এক বিবৃতিতে জুনিয়র ডাক্তারদের আন্দোলনে দলীয় পতাকা ছাড়া রাজ্যের সব কংগ্রেস কর্মীকে শামিল হওয়ার আবেদন জানিয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। বিবৃতিতে অধীর বাবু আরও বলেন, রাজ্যের ত্রুটি কংগ্রেস সরকার ন্যায়ের দাবিতে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের সঙ্গে অমানবিক ও নিষ্ঠুর আচরণ করছে।

০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর ইস্যুতে অচলাবস্থার প্রেক্ষিতে মধ্যস্থতা করতে চেয়ে বিশিষ্টজনদের একাংশ উদ্যোগী হলেও তাতে সায় নেই আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের। অনশন

মঞ্চ থেকে আন্দোলনকারী চিকিৎসক দেবাশিস হালদার গতকাল বলেন, যে বিশিষ্টজনেরা অনশনকারীদের স্বাস্থ্য নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন, তাঁদের আবেগকে সম্মান জানালেও তারা অনশন প্রত্যাহার করবেন না। ডাক্তারদের ১০ দফা দাবি যাতে বিদ্বজ্জনরা মুখ্যমন্ত্রীর কাছে পৌঁছে দেন সেই অনুরোধও জানিয়েছেন দেবাশীষ।

উল্লেখ্য, রাজ্য সরকার ও আন্দোলনরত চিকিৎসকদের মধ্যে জট কাটাতে মধ্যস্থতা করতে চেয়ে অভিনেতা, পরিচালক অপর্ণা সেন, কমলেশ্বর মুখোপাধ্যায়, পরমব্রত চট্টোপাধ্যায়, সিলেবাস কমিটির প্রধান অভীক মজুমদারের মত বিশিষ্টজনরা গতকাল রাজ্য সরকার এবং জুনিয়র চিকিৎসকদের সংগঠন ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফন্টকে ই-মেইল করে প্রস্তাব দিয়েছেন। চিঠিতে চিকিৎসকদের স্বাস্থ্যের অবনতি নিয়েও উদ্বেগ প্রকাশ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর মেডিকেল কলেজে প্রতিকী অনশনে অংশ নিতে গিয়ে, বেশ কয়েকজন প্রাক্তনীকে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে সি আই এস এফ-এর বিরুদ্ধে। জুনিয়ার ডাক্তারদের অনশনের প্রতি সংহতি জানিয়ে ১৬ জন প্রাক্তন চিকিৎসক আর জি কর হাসপাতালের আন্দোলন মঞ্চে প্রতিকী অনশনে বসতে গেলে সি আই এস এফ নিরাপত্তার কারণ দেখিয়ে তাদের বসতে বাধা দেয়। এরপর তাঁরা প্ল্যাটিনাম জুবিলি বিল্ডিং-এর সামনে অনশনে বসেন।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিভিন্ন নদনদীর ঘাটগুলিতে চলছে প্রতিমা নিরঞ্জন। কলকাতার বাবুঘাট, দইঘাট, জাজেশ ঘাট, আহিরীটোলা, বাগবাজার, রতনবাবুর ঘাটে চলছে প্রতিমা নিরঞ্জন পর্ব। গুরুত্বপূর্ণ ঘাটগুলিতে অতিরিক্ত পুলিশ কর্মী ছাড়াও দুর্ঘটনা এড়াতে বিপর্যয় ব্যবস্থাপনা দফতরের উদ্বারকারী দল মোতায়েন রয়েছে। রয়েছে পর্যাপ্ত সিসিটিভি ক্যামেরা এবং আলোর ব্যবস্থা।

গঙ্গার ঘাটগুলিতে প্রতিমা নিরঞ্জনের সঙ্গে সঙ্গে তুলে ফেলা হচ্ছে কাঠামো। রাখা হয়েছে পর্যাপ্ত আলোর ব্যবস্থা। প্রতিমা নিরঞ্জন দেখতে ঘাটগুলিতে বহু মানুষ সমবেত হয়েছেন। হাওড়ার বালিতে সমবায়পন্নী সর্বজনীন দুর্গোৎসবের বিসর্জন উপলক্ষ্যে আতশবাজির প্রদর্শনী দেখতে হাজার হাজার মানুষ জড়ে হয়েছিলেন

এদিকে, ১৫-ই অক্টোবর মঙ্গলবার কলকাতায় পুজো কার্নিভালের আয়োজন করছে রাজ্য সরকার। ঐ দিন বড় পুজোগুলোর প্রতিমা নিরঞ্জন হবে। জেলাগুলিতে আজ কার্নিভাল অনুষ্ঠিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ বঙ্গোপসাগরে ঘূর্ণাবর্ত সৃষ্টির সম্ভাবনার প্রেক্ষিতে আগামী ১৭ তারিখ থেকে দু-তিনদিন রাজ্যের প্রায় সর্বত্রই বৃষ্টির পরিমাণ বাড়বে। তবে, ভারী বৃষ্টির সম্ভাবনা কম বলে আবহাওয়া দফতর জানিয়েছে। পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দক্ষ জানিয়েছেন -

(বাইট - সোমনাথ)

এদিকে, উত্তর-পশ্চিম দিক থেকে শুষ্ক হাওয়া রাজ্য ইতিমধ্যেই চুক্তে শুরু করায় বেশ কয়েকটি জেলা থেকে মৌসুমী বায়ু প্রত্যাগমনের পথ প্রশংস্ত হয়েছে বলেও জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার শান্তিপুর থানার ফুলিয়ার চাপাতলা এলাকায় গঙ্গায় স্নান করতে নেমে এক কিশোরের মৃত্যু হয়েছে। সুজয় দাস নামে ওই কিশোরটি দুই বন্ধুর সঙ্গে গঙ্গাতে স্নান করতে নামে। হঠাৎই সুজয় তলিয়ে যায়। স্থানীয় বাসিন্দারা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসরা তাকে মৃত বলে ঘোষণা করে। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

০০০০০০০০০০০০০০০০

হাওড়ার অঙ্কুরহাটিতে একটি খেলনা তৈরির কারখানায় গতকাল বিকেলে আগুন লাগে। দমকলের ৮-টি ইঞ্জিন ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। হতাহতের কোন খবর নেই।

০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে ইস্টবেঙ্গল ও ডায়মন্ড হারবার এফ সি, র মধ্যে আজকের ম্যাচটি স্থগিত রাখা হয়েছে। ব্যারাকপুরের বিভূতি ভূষণ বন্দোপাধ্যায় স্টেডিয়ামে এই খেলা হওয়ার কথা ছিল। আইএফএ জানিয়েছে অনিনার্য কারনে ম্যাচটি স্থগিত রাখা হয়েছে। ম্যাচটি কবে অনুষ্ঠিত হবে পরে তা জানিয়ে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০

লখনউয়ের একানা ক্রিকেট স্টেডিয়ামে রঞ্জি ট্রফি ম্যাচে বাংলা উত্তর প্রদেশের বিরুদ্ধে প্রথম ইনিংসে এগিয়ে রয়েছে। গতকাল উত্তরপ্রদেশের প্রথম ইনিংস ২৯২ রানে শেষ হয়ে যায়। বাংলার মুকেশ কুমার ও শাহবাজ আহমেদ চারটি করে উইকেট নিয়েছেন। এরপর দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে বাংলা দিনের শেষে বিনা উইকেটে ১৪১ রান করেছে। অভিমন্যু সঞ্চারণ ৭৮, সুনীপ চ্যাটার্জী ৫৯ রানে অপরাজিত আছেন। বাংলা প্রথম ইনিংসে করেছিলো ৩১১ রান। বর্তমানে বাংলা উত্তর প্রদেশের থেকে ১৬০ রানে এগিয়ে।

০০০০০০০০০০০০০০০০